দামুড়হুদা বাসস্ট্যান্ড চত্বর যানজট মুক্ত করণের উদ্যোগ মডেল থানা পুলিশের

দামুড়হুদা বাসস্ট্যান্ড চত্বর যানজট মুক্ত করণের উদ্যোগ গ্রহণ করেছেন মডেল থানা পুলিশ। রবিবার সকাল ১০টার দিকে দামুড়হুদা বাসস্ট্যান্ড চত্বর যানজট মুক্ত করণের উদ্যোগে কাজ করে চলছে দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি টিম।

জানাগেছে দামুড়হুদা বাসস্ট্যান্ড চত্বরে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিকনির্দেশনায় এসআই তাপস কুমারের নেতৃত্বে যানজট মুক্তকণের উদ্যোগে কাজ চলছে।

তিনি বলেন প্রতিদিনের ন্যায় অবৈধ যান পাখিভ্যান, ইজিবাইক, অটো, লেগুনা, নছিমন, করিমন, আলমসাধুসহ বিভিন্ন ফিটনেস বিহীন গাড়ি রোডের উপর এলোমেলোভাবে সিরিয়াল করে থাকে এবং রোডের পরিবেশ নষ্ট করছে। বাসস্ট্যান্ড এলাকায় এসব অবৈধ গাড়ির জন্য মনে হয় যেন এক বর্জ্যস্তুপ। দিনের পর দিন এক্সিডেন্ট লেগেই থাকে। ছোট ছোট ছেলে মেয়েরা যখন স্কুল কলেজে যাওয়া আসার সময় ভোগান্তি পোহাতে হয়।

এমনকি যাত্রী সাধারনের হয়রানির শিকার হতে হয়। রাস্তা আটকে ঘন্টার পর ঘন্টা সময় নষ্ট হয় পথযাত্রীদের। এতে করে গন্তব্যে যাওয়া খুবই কষ্ট সাধ্য হয়। এসব লাঞ্চিত ভোগান্তি পূর্ণ মানুষের কষ্ট দুঃখ দুরদশা চোখে পড়ে। তাই আমাদের টিম যানজট নিরসনের কাজ করছে।

এসময় উপস্থিত ছিলেন কনস্টবল তুষার, মামুন, লাবনী। এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, সরকার রোড বানিয়েছেন জনগণ এর চলাচল সহজ করার জন্য। আর এসব যানজটের জন্য মানুষের চলাচল কষ্টসাধ্য হয়। যানজট নিরসনে আমাদের এই সেবা চলমান থাকবে।

দামুড়হুদায় জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন অবহিতকরণ সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন সফল করার লক্ষ্যে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার বেলা ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কন্ফারেন্স রুমে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।
দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: হেলেনা আক্তার নিপার সভাপতিত্বে অনুষ্ঠিত অবহিতকরণ সভায় বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: বেলাল উদ্দীন, সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা হোসনে মোবারক শিলন, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল। দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, সহ-দপ্তর সম্পাদক ইমরান হোসেন।

উপজেলা স্বাস্থ্য পরিদর্শক কামাল উদ্দিনের সঞ্চালনায় সভায় এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য পরিদর্শক খন্দকার ময়নুদ্দীন, মুফতিলুর রহমান, সিনিয়র স্টাফ নার্স নাজমা খাতুন, পরিবার পরিকল্পনা পরিদর্শক আতিকুর রহমান, আবুল কালাম আজাদ, মতিয়ার রহমান, হাসানুল আলম। সার্বিক সহযোগিতায় ছিলেন এএসএম ফারুক আহমেদ।

সভায় আজ রবিবার ২০ ফেব্রুয়ারী উপজেলার ১৬৯ টি কেন্দ্র থেকে ৬-১১ মাস বয়সী ৩৭১০ জন শিশুকে ১ লাখ পাওয়ারের একটি করে নীল রঙের এবং ১২-৫৯ মাস বয়সী ২৭৩০১ জন শিশুকে ২ লাখ পাওয়ারের একটি করে লাল রঙের ভিটামিন-এ প্লাস ক্যাপসুল খাওয়ানো পরিকল্পনা রয়েছে বলে জানান সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

দামুড়হুদায় হাউলী বিট পুলিশিং উঠান বৈঠক অনুষ্ঠিত

“বিট পুলিশিং বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়ি” তথ্য দিন সেবা নিন, এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের লোকনাথপুর বাজারে “হাউলী বিট পুলিশিং উঠান বৈঠক” অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা মডেল থানার আয়োজনে এই উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

এসআই মারজান আল মোনায়েম এর সভাপতিত্বে উক্ত উঠান বৈঠক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার এসআই শেখর চন্দ্র মল্লিক।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাউলী ইউপি সদস্য রিকাত আলী। এসময় আরও উপস্থিত ছিলেন এসআই ওবায়দুর রহমান, এএসআই আলমগীর হোসেন বাবু সহ এলাকার গণ্যমান্য ব্যক্তি বর্গ।

এসময় উঠান বৈঠকে বাল্যবিবাহ, চুরি, ইভটিজিং, মাদক, মেয়েছেলের প্রেমঘটিত পলায়ন, সামাজিক শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠা, একে অপরের প্রতি স্মমান, স্নেহ প্রদর্শন বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া জরুরী প্রয়োজনে ৯৯৯ নাম্বারে ফোন করা, বিট অফিসার ও থানা পুলিশকে যেকোনো সময়ে যেকোন সমস্যায় অবহিত করার জন্য বলা হয়।

দামুড়হুদায় কলেজ ছাত্রীকে অপহরণ থানায় এজাহার দায়ের

দামুড়হুদা উপজেলার কুশাঘাটা গ্রামের নজরুল ইসলামের মেয়ে আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের একাদশ শ্রেনীর ১ম বর্ষের ছাত্রী যুথি খাতুনকে অপহরনের অভিযোগ। একই উপজেলার দামুড়হুদা সদর ইউনিয়নের উজিরপুর দীঘির পাড়া গ্রামের আব্দুল আজিজ এর বখাটে ছেলে বাবু আলী।

কলেজে যাওয়ার পথে বিভিন্ন সময় উত্যক্ত সহ- প্রেম নিবেদন করে।

কলেজ ছাত্রী যুথি খাতুন তার প্রস্তাব প্রত্যাখান করায় ক্ষিপ্ত হয়ে বাবু (২২) তাকে অপহরনের হুমকি দেয়। কলেজ ছাত্রীর বাবা নজরুল ইসলাম বিষয়টি বাবু আলীর পরিবারের কাছে বিচার দিলে আরো বেপরোয়া হয়ে যায় বাবু, পরবর্তিতে ১৪ ফেব্রুয়ারি মঙ্গলবার আনুমানিক রাত ৯ টার দিকে বাড়ির পাশ থেকে অপহরন করে নিয়ে যায়।

এ ঘটনায় কলেজ ছাত্রীর বাবা বাদি হয়ে দামুড়হুদার মডেল থানায় বাবু আলীকে প্রধান আসামি সারজেত আলী সহ- ৪/৫ জনের নাম উল্লেখ করে আসামি করে একটি অপহরনের এজাহার দায়ের করেছে।

এজাহারে বলা হয়, ১৪ই ফেব্রুয়ারি আনুমানিক রাত ৯ টার দিকে প্রকৃতির ডাকে নিজ বাড়িতে রাস্তা সংলগ্ন পায়খানার নিকট পৌছাইলে পূর্বে থেকে ওৎ পেতে থাকা বাবু আলী তার ভাড়াটে বাহিনী নিয়ে অস্ত্রের মুখে জিম্মি করে ইচ্ছার বিরুদ্ধে জোর পৃর্বক অপহারন করে ইজি বাইক গাড়ীতে উঠাইয়া নিয়ে যায়। এসময় আমার মেয়ের আত্নচিৎকার শুনিয়া আমি ঘটনাস্থলে পৌছানোর পূর্বেই বাবু আলী আমার মেয়েকে উক্ত ইজি বাইক যোগে দ্রুত চলিয়া যায়।

এ বিষয়ে দামুড়হুদার মড়েল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফেরদৌস ওয়াহিদ বলেন, একটি অভিযোগ পাওয়া গেছে। তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

দামুড়হুদার জুড়ানপুরে ভাষা দিবস ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

দামুড়হুদার উপজেলার বিষ্ণুপুরে ১৬ টি দলের অংশগ্রহণে ভাষা দিবস ক্রিকেট টুর্নামেন্ট-২০২৩ উদ্বোধন করা হয়েছে। শনিবার বিকাল ৩টায় বিষ্ণুপুর ফুটবল মাঠে,বিষ্ণুপুর ক্রিকেট দলের আয়োজনে উদ্বোধনী ম্যাচ অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে বিষ্ণুপুর ২নং ওয়ার্ড আওয়ামীলীগ সভাপতি মতিয়ার রহমান মন্টুর সভাপতিত্বে, চুয়াডাঙ্গা জেলা জর্জ কোর্টের পাবলিক প্রসিকিউটর(পিপি) এ্যাডভোকেট রফিকুল আলম রান্টু খেলার উদ্বোধন করেন।
এসময় উপস্থিত ছিলেন,দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মান্নান, দামুড়হুদা উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক সাইদুর রহমান সন্টু মাস্টার, প্যানেল চেয়ারম্যান ও ২নং ওয়ার্ড ইউপি সদস্য আল মাহমুদ আসলাম, ২নং ওয়ার্ড আওয়ামীলীগ সাধারণ সম্পাদক গোলাম ছারোয়ার নান্নু, সাবেক সাধারণ সম্পাদক ইদ্রিস আলী, যুবলীগ নেতা শেখ শাখাওয়াত হোসেন। খেলায় সার্বিক সহযোগিতায় সাদা, শাফিন, সোহেল, সুজন, বিপুল, শিপন, জুয়েল, আবু সাইদ রতন, বিপুল, আকাশ, তুসার, ইকবাল, সজিব, সাজিদ, আক্তার।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বঙ্গবন্ধু ছাত্র পরিষদ দামুড়হুদা উপজেলার সাধারণ সম্পাদক সারাফায়েত হোসেন বাবু।

উদ্বোধনী ম্যাচে মেহেরপুরের রাজনগর ও শিবপুর একাদশ অংশগ্রহণ করে। টসে জিতে শিবপুর একাদশ ব্যাটিং করার সিদ্ধান্ত নেয়,শিবপুর একাদশের রনির ঝড়ো অর্ধশতকে নির্ধারিত ১৪ ওভার শেষে ৮ উইকেট হারিয়ে ১২৩ রান সংগ্রহ করে। ১২৪ রানের লক্ষ্য নিয়ে রাজনগর একাদশ সবকয়টি উইকেট হারিয়ে ১২১রান সংগ্রহ করে ফলে শিবপুর একাদশ ৩ রানে জয়লাভ করে। ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন শিবপুর একাদশের রনি। প্রিন্স ট্রেডার্সের পক্ষ থেকে তাকে ম্যান অফ দ্যা ম্যাচ ও মঞ্জুরুলের সৌজন্যে সেরা সিক্সার পুরুষ্কার দেয়া হয়। ম্যাচে আম্পায়ার হিসেবে দায়িত্ব পালন করেন মশিউর রহমান তুষার ও মিলন হোসেন ও শিপন আলী। ধারাভাষ্য প্রদান করেন শেখ সাদায়েত ও জিয়া হায়দার।

দামুড়হুদায় রপ্তানীযোগ্য আম উৎপাদন বিষয়ক সেমিনারে

অতিরিক্ত সচিব রবীন্দ্রশ্রী বড়ুয়া

চুয়াডাঙ্গার দামুড়হুদায় বিষমুক্ত রপ্তানীযোগ্য নিরাপদ আম উৎপাদনের লক্ষে আম ব্যবসায়ীদের সাথে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে চুয়াডাঙ্গা, মেহেরপুর, সাতক্ষীরাসহ বেশ কয়েকটি জেলার আম ব্যবসায়ীসহ কৃষি কর্মকর্তাগন উপস্থিত ছিলেন।

শনিবার বেলা ১১ টার দিকে উপজেলার ইব্রাহিমপুরস্থ মেহেরুন্নেসা পার্কে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি ঢাকার আয়োজনে দামুড়হুদা উপজেলা কৃষি অফিসের সার্বিক সহযোগিতায় অনুষ্ঠিত সেমিনারে সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক বাদল চন্দ্র বিশ্বাস।

প্রধান অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবিভাগ) রবীন্দ্রশ্রী বড়ুয়া তিনি বলেন, আমাদের দেশের আমের কোয়ালিটি ভাল। তিনি আম ব্যবসায়ীদের প্রতি আহবান জানিয়ে বলেন, আপনারা আরও একটু যত্নবান হয়ে রফতানিযোগ্য নিরাপদ আম উৎপাদন করবেন। দেখবেন বাংলাদেশের আম অচিরেই বিশ্ব বাজার দখল করে নিয়েছে।

দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মো: মনিরুজ্জামানের সঞ্চালনায় সেমিনারে প্রধান বক্তা ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক কৃষিবিদ ড. হামিদুর রহমান। বিশেষ অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালক (সরেজমিন উইং) তাজুল ইসলাম পাটোয়ারী। শুভেচ্ছা বক্তব্য রাখেন রফতানিযোগ্য আম উৎপাদন প্রকল্পের প্রকল্প পরিচালক মোহাম্মদ আরিফুর রহমান।

বক্তব্য রাখেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা বাবুল কুমার সরকার, যশোর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক আবু হোসেন, গাজীপুর আম উৎপাদন প্রকল্পের উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো: শরফ উদ্দীন, চুয়াডাঙ্গা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বিভাস চন্দ্র সাহা।

উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক (শষ্য) তালহা জুবায়ের মাশরুর, দর্শনা উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্রের অতিরিক্ত উপপরিচালক রফিকুল ইসলাম, যশোর টেকসই কৃষি উন্নয়ন প্রকল্পের মনিটরিং অফিসার মাসুম আব্দুল্লাহ, মেহেরপুর সদর

উপজেলা কৃষি অফিসার আলমগীর হোসেন, দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিত কুমার বিশ্বাস।

আম চাষিদের মধ্যে বক্তব্য রাখেন আম উৎপাদনকারী কৃষক মোহাম্মদ সফি মল্লিক, দামুড়হুদা উপজেলা আম ব্যবসায়ী সমিতির সভাপতি হাজি মোহা: ফারুক সিদ্দিকী ও সাধারণ সম্পাদক আসলাম উদ্দিন।

সার্বিক সহযোগিতায় ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসের উপসহকারী কৃষি কর্মকর্তা জালাল উদ্দীন, সোহরাব হোসেন, মামুন অর রশিদ, সাইফুল ইসলাম, মেহেদী হাসান, সাইদুর রহমান, লিপ্টন বাদশা, নাজনিন সুলতানা, আজহারুল ইসলাম, বজলুর রহমান প্রমূখ।

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় ৩ দিন ব্যাপী কবি নজরুল মেলার উদ্বোধন

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় ৩দিন ব্যাপী কবি নজরুল মেলা উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকাল ৩ টার দিকে তিন দিন ব্যাপী কবি নজরুল মেলা ২০২৩ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর এমপি।

মেলার উদ্বোধন ও আলোচনা পর্বে কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদের সভাপতি অধ্যাপক এম এ গফুরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর এমপি,বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন,দামুড়হুদা উপজেলা আ:লীগের সাধারন সম্পাদক হাজী শহিদুল ইসলাম,ছড়াকার কবি আতিক হেলাল,চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নাজমুল হেলাল,কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ:লীগের সভাপতি শাফিকউর রহমান, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন,প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারী কলেজের সহযোগী অধ্যাপক

মুন্সী আবু সাইফ,দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ,স্বাগত বক্তব্য রাখেন বাঁশরী একটি নজরুল চর্চা কেন্দ্রের সভাপতি ড.ইঞ্জিনিয়ার খালেকুজ্জামান,শুভেচ্ছা বক্তব্য রাখেন কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদের সাধারন সম্পাদক সাইফুল ইসলাম।

এসময় আরো উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউপির সাবেক চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট, কুড়ুলগাছি ইউনিয়ন আ:লীগের সাধারন সম্পাদক সরোয়ার হোসেন, আহম্মাদ মাস্টার, জাহিদুর রহমান মুকুল, মন্টু মেম্বার, রাজ্জাক, নুর মোহাম্মদ ভগু, জালাল, গেগার, শওকত, শহিদ বিশ্বাস, যুবলীগ নেতা মোস্তাফিজ কচি, শরীফ রতন, মেহেদী হাসান মিলন, বখতিয়ার খলজি বকুল, জব্বার খাবলি, হামিদ, নুরুল ইসলাম, আকলিমা খাতুন, আবু বক্কর, আটচালা ঘর মালিক প্রকৃতি বিশ্বাস বকুল, মধু, রঘুনাথ পাল প্রমূখ।

দামুড়হুদা লোকনাথপুরে হাসুয়া দিয়ে স্ত্রী ও শ্বাশুড়িকে কোপালো জামাই

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের লোকনাথপুরে গ্রামে ধারালো হাসুয়া দিয়ে স্ত্রী ও শ্বাশুড়িকে কুপিয়ে আহত করেছে জামাই টিটু ড্রাইভার (৩০)। গতকাল বৃহস্পতিবার বিকাল ৪টার দিকে লোকনাথপুর গ্রামের মতিয়ার ড্রাইভার এর বাড়ির সামনে পাকা রাস্তার উপর এই ঘটনা ঘটে।

আহতরা হলেন স্ত্রী কবিতা খাতুন (২৫)। তিনি সুবল পুর গ্রামের আফসার আলীর মেয়ে। অপরজন হলেন শ্বাশুড়ি সালিমা খাতুন (৪০)। তিনি সুবলপুর গ্রামের মৃত ফকির মোহাম্মদ এর মেয়ে এবং আফসার আলীর স্ত্রী।

জানাগেছে শ্বশুর বাড়ির গরু বিক্রি করা টাকা নিয়ে বিরোধের সৃষ্টি করে তারই জের ধরে স্ত্রী ও শ্বাশুড়ী কে ধারালো হাসুয়া দিয়ে

কুপিয়ে জখম করেছে উপজেলার লোকনাথপুর গ্রামের জামাই আকবর আলীর ছেলে টিটু ড্রাইভার। এ সময় স্থানীয়রা আহতদের উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, ঘটনাস্থলে পুলিশ গিয়েছিল। কোনো অভিযোগ পাইনি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

দামুড়হুদায় বিদ্যুৎ স্পর্শে নির্মাণ শ্রমিক পলাশ নিহত

দামুড়হুদায় বিদ্যুৎ স্পর্শে পলাশ (২০) নামের এক নির্মাণ শ্রমিকের মৃত্যু হয়েছে। ঝলসে গেছে তার বুকসহ দেহের বিভিন্ন অংশ। নিহত যুবক পলাশ দামুড়হুদা দশমীপাড়ার ইসলাম মন্ডলের ছেলে।

গতকাল বৃহস্পতিবার বিকেল সাড়ে ৪ টার দিকে দামুড়হুদা উপজেলা শহরের বনানীপাড়াস্থ শাহিনুর রহমানের নির্মাণাধীন দোতালা বিল্ডিংয়ে রড কেটে সিড়ি দিয়ে নামার সময় বিল্ডিংয়ের সামনে দিয়ে যাওয়া ১১ হাজার ভোল্টের বিদ্যুতের তারে তার হাতে থাকা রডটি ঠেকে যায় এবং বিদ্যুতায়িত হয়ে ঘটনাস্থলেই মৃত্যু হয় তার।

বিল্ডিংয়ে কর্মরত হেড মিস্ত্রি ইস্রাফিল হোসেন জানান, নিহত যুবক পলাশ আমার সহকারী হিসেবে কাজ করতো। সে একটি রড কেটে বিল্ডিংয়ের সিড়ি দিয়ে নামার সময় বিল্ডিংয়ের সামনে দিয়ে যাওয়া তারে রড ঠেকে যায়। সাথে সাথে একটা বিকট শব্দ হয়। আমরা কোনো কিছু বুঝে ওঠার আগেই পলাশ মারা যায়। বিদ্যুতায়িত হয়ে ঝলসে যায় তার দেহ।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন বিদ্যুৎস্পর্শে যে ব্যক্তি মারা গেছে তার পরিবারের পক্ষ থেকে কেউ কোনো অভিযোগ দায়ের করেন নি।

দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলে শিক্ষার মানোন্নয়নে মতবিনিময় সভা

দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলে সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধ, ধর্মীয় উগ্রাবাদ ও জঙ্গিবাদ মোকাবেলা নারী- শিশুর প্রতি সহিংসতা রোধ, শিক্ষার মানোন্নয়ন মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১টার দিকে স্কুল প্রাঙ্গনে এই মতবিনিময় সভার আয়োজন করা হয়। মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খাঁন।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খাঁন বলেন, সন্ত্রাস জঙ্গিবাদ নিমূলে সকলকে সজাগ থাকতে হবে। দেশের উন্নয়নে বড় বাধাঁ অশিক্ষা, তাই সুশিক্ষিত হয়ে সকলে মিলে দেশের উন্নয়নে কাজ করতে হবে।

অনুষ্ঠানের শুরুর পবিত্র কোরআন তেলোয়াত করেন স্কুলটির ধর্মীয় শিক্ষক মো নাজমুল সাদাত। স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম। দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাশ, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল মতিন, দামুড়হুদা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী।

সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের সহকারী শিক্ষক শফিকুল ইসলাম।